

হযরত খাদিজা (রাঃ) -এর ফযিলতঃ

عَنْ عَلِيٍّ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ خَيْرُ نِسَاءِهَا مَرْيَمُ بِنْتُ عِمْرَانَ وَخَيْرُ نِسَاءِهَا خَدِيجَةُ بِنْتُ خُوَيْلِدٍ (مُتَّفَقٌ عَلَيْهِ)

১। অর্থঃ হযরত আলী রাদিয়াল্লাহু আনহু বলেন- আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে একথা বলতে শুনেছি- “নারী জাতির মধ্যে মরিয়ম বিনতে ইমরান ছিলেন ঐ যুগের শ্রেষ্ঠা নারী এবং এই যুগের মধ্যে খাদিজা বিনতে খোয়াইলিদ হচ্ছেন শ্রেষ্ঠা নারী (বুখারী ও মুসলিম)।

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ أَتَى جِبْرِئِيلُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ هَذِهِ خَدِيجَةُ قَدْ أَتَتْ - مَعَهَا إِنَاءٌ - فِيهِ إِدَامٌ وَطَعَامٌ - فَإِذَا أَتَتْكَ فَاقْرَأْ عَلَيْهَا السَّلَامَ مِنْ رَبِّهَا وَمِنِّي وَبَشِّرْهَا بِبَيْتٍ فِي الْجَنَّةِ مِنْ قَصَبٍ لَا صَحَبَ فِيهِ وَلَا نَصَبَ - مُتَّفَقٌ عَلَيْهِ -

২। অর্থঃ হযরত আবু হোরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত- তিনি বলেন- একদা হযরত জিবরাঈল (আঃ) নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খেদমতে (হেরা পর্বতে) এসে আরয করলেন- হে আল্লাহর রাসুল! হযরত খাদিজা আপনার কাছে মক্কা হতে খাদ্যের ভান্ড নিয়ে আসছেন। তার মধ্যে রুটি ও খাদ্য রয়েছে। যখন তিনি আপনার কাছে পৌঁছবেন- তখন তাঁকে আল্লাহর পক্ষ হতে ছালাম জানাবেন এবং আমার পক্ষ হতেও। আর তাঁকে সুসংবাদ দিবেন জান্নাতে একটি সুবৃহৎ প্রশস্ত প্রাসাদের- যার গাথুনী হবে লুলু পাথরের। সেখানে থাকবেনা কোন হৈ-চৈ, চিৎকার এবং ক্লান্তি (বুখারী ও মুসলিম)